# Shiv Mantra in Bengali

## শিবের ষড়াক্ষর জপ মন্ত্র

ওঁ নমঃ শিবায় ॥

## শিবের পঞ্চাক্ষর জপ মন্ত্র

নমঃ শিবায় ॥

**সরলার্থঃ** ষড়াক্ষর এবং পঞ্চাক্ষর মন্ত্রটি মূলত মোক্ষলাভ করার জন্য মন্ত্র। রুদ্রাক্ষ মালায় নিত্য জপ করলে মোক্ষলাভ হয়। রুদ্রাক্ষ মালাটি অবশ্যই শোধন করা হতে হবে।

## শিব প্রণাম মন্ত্র

ওঁ নমঃ শিবায় শান্তায় কারুণাত্রায় হেতবে
নিবেদিতামি চাত্মানং ত্বং গত্বিং পরমেশ্বরম্ ॥

**সরলার্থঃ** তিন কারণের (সৃষ্টি, স্থিতি ও বিনাশের) হেতু শান্ত শিবকে প্রণাম। হে পরমেশ্বর তুমিই পরমগতি। তোমার কাছে নিজেকে সমর্পণ করি।

তস্মৈ নমঃ পরমকারণ কারণায় দীপ্তোজ্জ্বলজ্জ্বলিত পিঙ্গললোচনায়
নাগেন্দ্রহাররকৃত কুন্ডলভূষণায় ব্রহ্মেন্দ্রবিষ্ণু বরদায় নমঃ শিবায় ॥

**সরলার্থঃ** যিনি কারণের পরম কারণ, যাঁর অতি উজ্জ্বল দেদীপ্যমান পিঙ্গল নয়ন, কুন্ডলীকৃত সর্পরাজের হার যাঁর কন্ঠভূষণ, ব্রহ্মা, বিষ্ণু এবং ইন্দ্রাদি দেবতাকে যিনি বর প্রদান করেন, সেই পরম শিবকে আমার প্রনাম।

## শিব গায়ত্রী মন্ত্র

ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ ॥

**সরলার্থঃ** যিনি তৎপুরুষ ব্রহ্ম, যিনি সব পুরীতে শয়ান থাকেন, তাঁকে জেনে মহাদেবকে ধন্যবাদ করি, সেই রুদ্র ভগবান আমার বুদ্ধিকে শিবতত্ত্বে প্রেরণ করুন।

## শিব রুদ্র মন্ত্র

ওঁ নমো ভগবতে রুদ্রায় নমঃ ॥

## সংক্ষিপ্ত মহামৃত্যুঞ্জয় মন্ত্র

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান মৃত্যোর মুক্ষীয় মামৃতাৎ ॥

সম্পূর্ণ মহামৃত্যুঞ্জয় মন্ত্র
ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান মৃত্যোর মুক্ষীয় মামৃতাৎ॥
ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পতিবেদনম্।
উর্বারুকমিব বন্ধনাদিতো মুক্ষীয় মামুতঃ॥

## স্নান মন্ত্র

গঙ্গাজলে শুদ্ধজলে চন্দন মিশ্রিত করে ঘণ্টা বাজাতে বাজাতে শিবলিঙ্গকে নিচের মন্ত্রে স্নান করাবেন –

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান মৃত্যোর মুক্ষীয় মামৃতাৎ॥
ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ॥

## সাধারণ ধ্যানমন্ত্র

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্লোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্॥
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং।
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

## বাণেশ্বর শিবের ধ্যান

ঐঁ প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভাং।
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্॥
শৃঙ্গারাদি-রসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরম্।
এবং ধ্যাত্বা বাণলিঙ্গং যজেত্তং পরমং শিবম্॥